

শাবিতে ভিসিবিরোধী শিক্ষকদের ভর্তি পরীক্ষা বর্জন

জালিয়াতির চেপ্টায় আটক ১
সিপেট ব্যুরো

কড়া নিরাপত্তায় অনুষ্ঠিত হয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক সন্থান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা। পরীক্ষায় জালিয়াতির অভিযোগে একজনকে আটক করা হয়েছে।

এদিকে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদ এর শিক্ষকরা এ পরীক্ষা বর্জন করেছেন। শনিবার পরীক্ষা শুরু হওয়ার আগে তারা জানান, 'বর্তমান ভিসি অধ্যাপক আমিনুল হক ভূঁইয়ার সঙ্গে শিক্ষকরা কাজ করবেন না। ভর্তি পরীক্ষায়ও তারা পরিদর্শকের দায়িত্ব পালন করেননি।'

ওই শিক্ষক সংগঠনের আহ্বায়ক অধ্যাপক সৈয়দ সামসুল আলম বলেন, 'ভিসি নিজে ছাত্রলীগকে পৃষ্ঠপোষকতা দিয়ে শিক্ষকদের ওপর হামলা চালিয়ে অ্যাকাডেমিক কাউন্সিলের সভায় ভর্তি কমিটি গঠন করেন। এজন্য আমরা পরীক্ষা বর্জন করেছি। ভিসি আমিনুল হক ভূঁইয়া বলেন, 'বিশ্ববিদ্যালয় সবার। আমি চাই পরীক্ষার কার্যক্রমে শিক্ষকরা যেন অংশ নেন।'

আটক ১ : এদিকে ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে আটক শিক্ষার্থীর নাম তারিকুল্লাহমান। সে মূল পরীক্ষার্থী রনির বদলে পরীক্ষা দিচ্ছিল। রনি ময়মনসিংহের আনন্দমোহন কলেজের ছাত্র। সে ময়মনসিংহের কোতোয়ালি থানার সানকিপাড়া গ্রামের নো. ডোমস্কুল হোসেনের ছেলে।